গাংনীতে পুকুরের পানিতে ভেসে উঠলো লামিয়ার মরদেহ

বাড়ির পাশে পুকুরের পাশ দিয়ে যাওয়ার সময় অসাবধানতা বসত পুকুরের পানিতে পড়ে লামিয়া খাতুন (৫) নামের এক শিশু মারা গেছে।
নিহত লামিয়া খাতুন গাংনী উপজেলার কসবা গ্রামের হিন্দুপাড়া এলাকার লিখন মিয়ার মেয়ে।

আজ রবিবার (১৬ অক্টোবর) দুপুরের দিকে বাড়ির পাশে আলাই মীরের পুকুরে ডুবে মারা যায় লামিয়া খাতুন।

লামিয়ার বাবা লিখন মিয়া জানান, খেলতে খেলতে আমাদের অজান্তে বাড়ির বাইরে চলে গেছে। কখন সে পুকুরের পানিতে পড়ে যায়। পরে স্থানীয়রা তার মরদেহ ভাসতে দেখে আমাদের খবর দেন। শিশু লামিয়ার মরদেহ উদ্ধার করা হয়েছে। পারিবারিকভাবে দাফনের প্রস্তুতি চলছে।

গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

“দুর্যোগ আগাম সতর্কবার্তা,সবার জন্য কার্যব্যবস্থা” এই প্রতিপাদ্যকে সামনে রেখে র্যালী ও আলোচনা সভা মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২২ পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় গাংনী উপজেলা সভাকক্ষে গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী এর সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর-০২(গাংনী)আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি।

বিশেষ অতিথি উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক,গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম। অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক, ফায়ার

সার্ভিসের কর্মকর্তা কর্মচারী এবং বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীর ছাতিয়ান-কামারখালি রাস্তায় ছিনতাই

গাংনী উপজেলার ছাতিয়ান-কামারখালি মাঠে গরু বহনকারী গাড়ির গতি রোধ করে গরুর ব্যবসায়ীর কাছ থেকে টাকা ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। বুধবার (১২ অক্টোবর) দিবাগত রাত আনুমানিক সাড়ে ৯ টার দিকে।

সংঘবদ্ধ ছিনতাইকারীরা গরু ব্যাপারীর কাছ থেকে প্রায় ৩৮ হাজার ৫০০ হাজার টাকাসহ কয়েকজন পথচারীর কাছ থেকে নগদ টাকা ও মোবাইল ফোন ছিনতাই করে নিয়ে গেছে।

কামারখালি গ্রামের গরু ব্যাপারি মিনারুল ইসলামের কাছ থেকে ৩৫ হাজার টাকা ও গরু বহণকারী গাড়ি চালক ফরজ আলীর কাছ থেকে ৩৫ শ টাকা, এছাড়া চকলেট আলীসহ কয়েকজনের পথচারির নিকট থেকে টাকা ছিনতাই করেছে।

গাড়ি চালক ফরজ আলী জানান, রাত সাড়ে ৯ টার দিকে ছাতিয়ান থেকে কামারখালি গ্রামে যাওয়ার রাস্তায় মাঠের মাঝখানে পৌছানো মাত্র ১০/১৫ জনের সংঘবদ্ধ ছিনতাইকারীরা আমাদের গাড়ির গতিরোধ করে।

এক পর্যায়ে আমাদের ধারালো অস্তের মুখে জিম্মি করে নগদ টাকা পয়সা ছিনিয়ে নিয়ে চলে যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করে বলেছেন, পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে পৌছানোর আগেই এই ছিনতাইয়ের ঘটনা ঘটে।

তিনি বলেন বিভিন্নভাবে সোর্স লাগিয়ে ছিনতাইকারীদের খুঁজে বের করতে পুলিশ চেষ্টা করছে।

[redacted]

[redacted]

গাংনীর হেমায়েতপুর সড়ক দূর্ঘটনায় তিন জন আহত

গাংনী-হাটবোয়ালীয়া সড়কের হেমায়েতপুর নামক স্থানে দাঁড়িয়ে থাকা পাখি ভ্যানকে চলন্ত মোটরসাইকেল ধাক্কা দিলে ভ্যানের দুই যাত্রী ও মোটরারসাইকেল চালকসহ তিন জন আহত হয়েছেন।

আহতরা হলেন মোটরাসাইকেল চালক গাংনী উপজেলার আমতৈল গ্রামের সানোয়ার হোসেনের ছেলে স্কুল ছাত্র নাহিদ হোসেন (১৬), পাখি ভ্যানের চালক হেমায়েতপুর গ্রামের রুহুল আমিনের ছেলে কালু হোসেন
(৫৫) ও একই গ্রামের গৃহবধু রাশেদা খাতুন (৬০)।

গাংনী-হাটবোয়ালীয়া সড়কের হেমায়েতপুর বাজারের উপর বুধবার (১২ অক্টোবর) বিকালের দিকে এই দূর্ঘটনা ঘটে।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে নাহিদকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। বাকী দুজনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জানান, নাহিদকে প্রাথমিক চিকিিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনীতে তিনটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

অপরিচ্ছন্ন পরিবেশ ও নিন্ম মানের খাবার পরিবেশন ও বাসি সব্জী বিক্রির অভিযোগে গাংনীতে ৩ ববসায়ী প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

অপরিচ্ছন্ন পরিবেশ ও নিন্ম মানের খাবার পরিবেশনের অভিযোগে গাংনী সুইট্স অ্যান্ড মিষ্টান্ন ভাণ্ডারকে ৮ হাজার, বিরানী হাউজকে ৭ হাজার টাকা ও সব্জী বিক্রেতা মেসার্স নাজ ভান্ডারকে ১ হাজার টাকাসহ মোট ১৬ জরিমানা করা হয়।

আজ বুধবার (১২ অক্টোবর) দুপুরে গাংনী উপজেলা শহরের এই অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক (চুয়াডাঙ্গা-মেহেরপুর) সজল আহমেদ।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ জানান, অপরিচ্ছন্ন পরিবেশ ও নিম্ন মানের খাবার এবং সব্জী বিক্রির অভিযোগে তাদের কাছ থেকে এই জরিমানা আদায় করা হয়েছে। একই সাথে তাদের সতর্ক করা হয়েছে।
এসময় পুলিশের একটি টীম তাকে সহযোগিতা করেন।

গাংনীতে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর পিরতলা পুলিশ ক্যাম্পের পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ বোতল ফেনসিডিলসহ আমানুল ইসলাম (২৮) নামের এক ব্যক্তিকে আটক করেছেন।

আটক আমানুল ইসলাম কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ধর্মদহ গ্রামের জমসেদ আলীর ছেলে।

আজ বুধবার (১২ অক্টোবর) ভোররাত ৩ টার দিকে পিরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হানের নেতৃত্বে পুলিশের একটি টিম ওই গ্রামের তিন রাস্তার মোড় এলাকায় অভিযান চালিয়ে ফেনসিডিলসহ তাকে আটক করেন।

এসআই জহির রায়হান বলেন, মাদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অভিযান চালানো হয়। এসময় আমানুল পুলিশ দেখে পালানোর চেষ্টা করলে তাকে হাতে নাতে ধরা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, ফেনসিডিল উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার নামে মামলা দিয়ে দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে অটোভ্যানের চাকায় ওড়না জড়িয়ে নারী শ্রমিক নিহত

অটো ভ্যানের চাকার সাথে ওড়না জড়িয়ে রাস্তার মাটি কাটার কাজে নিয়োজিত নারী শ্রমিক নাজমা খাতুন (২৫) নিহত হয়েছেন।

নিহত নাজমা গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামের দয়েরপাড়া এলাকার আসমত আলীর মেয়ে। মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে তেঁতুলবাড়ীয়া—কাজীপুর সড়কের সাহেবনগর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নাজমা সরকারী রাস্তা (সংস্কার) মেরামত করার জন্য নারী শ্রমিক হিসাবে কাজ করে আসছিলেন। সাহেবনগর গ্রামের কাছে পৌঁছালে, ভ্যানের চাকায় ওড়না জড়িয়ে রাস্তার উপর পড়ে গুরুতর আহত হন।

তাকে উদ্ধার করে বামন্দীর একটি ক্লিনিকে নেয়ার সময় পথেই মারা যান তিনি। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

গাংনীতে প্রবাস ফেরতের

কারাদন্ড

গাঁজা সেবন ও রাখার অভিযোগে মিলন হোসেন (২৮) নামের এক প্রবাস ফেরতকে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ রবিবার (৯ অক্টোবর) দুপুরের দিকে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম তাকে এই কারাদন্ডাদেশ দেন।

মিলন হোসেন গাংনী উপজেলার তেরাইল বাজারপাড়া এলাকার দলিম উদ্দীনের ছেলে।

ভ্রাম্যমান আদালত সূত্রে জানা গেছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) ধারায় দোষী সাবস্থ হওয়ায় মিলন হোসেনকে এক মাসের বিনাশ্রম কারাদন্ড দেওয়া হয়েছে।

এর আগে সকালের দিকে সীমান্তবর্তি তেঁতুলবাড়িয়া সীমান্ত থেকে ৪৭ বিজিবির তেঁতুলবাড়িয়া ক্যাম্পের একটি টহল দল গাঁজা সেবন ও সংরক্ষণের অভিযোগে তোকে আটক করে। পরে উপজেলা নির্বাহী অফিসারের ভ্রাম্যমমান আদালতে নিলে তাকে এই কারাদন্ড দেন তিনি।

গাংনীতে প্রতিবন্ধীর আত্ম*হত্যা

গাংনীতে গাছের সাথে গলায় ফাঁস দিয়ে সোহেল রানা ওরফে ওসিল (৪০) নামে এক মানষিক প্রতিবন্ধী আত্মহত্যা করেছেন। সোহেল রানা এ উপজেলার চরগোয়াল গ্রামের মৃত সামসুদ্দিন মোল্লার ছেলে।

শনিবার দিবাগত রাতে তার বাড়ির পাশের একটি কাঁঠালগাছের সাথে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে সে। স্থানীয়রা জানান, সোহেল রানা একজন মানসিক ভারসাম্য ছিলেন।